
এবং

# মুশায়েরা

শারদীয় ১৪২৭



# এবং মুশায়েরা

সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক ত্রৈমাসিক পত্রিকা

সপ্তবিংশ বর্ষ □ ১ম-২য় সংখ্যা

বৈশাখ - আষাঢ় ১৪২৭ □ এপ্রিল - জুন ২০২০

শ্রাবণ - আশ্বিন ১৪২৭ □ জুলাই - সেপ্টেম্বর ২০২০

৮২

## শারদীয় ১৪২৭

সম্পাদক : সুবল সামন্ত

৩৮/এ/১, নবীনচন্দ্র দাস রোড, কলকাতা ৭০০০৯০

দূরভাষ : ২৫১০০৭৮৭ / ৯৪৩২২৫৪৩১৩ / ৯৮৭৪৯৪৩২৫৫

E-mail: mushayera@gmail.com

Website: www.ebangmushayera.com

# এবং মুশায়েরা

EBANG MUSHAYERA

An International Research Refereed & Literary Quarterly Begali Journal

Regd No. 53193/94 ISSN 0976-9307

Editor: Subal Samanta

## Editorial Board & Expert Members:

Prof. Rabin Pal, Former Professor, Department of Bengali, Visva-Bharati University, Santiniketan.
Prof. Satyabati Giri, Former Professor, Department of Bengali, Jadavpur University, Kolkata.
Prof. Mrinal Nath, Former Professor, Department of Linguistics, Calcutta University, Kolkata.
Prof. Udaysankar Barma, Department of Bengali, Bidhan Nagar Govt. College, Kolkata.
Prof. Smita Sirker, Department of Philosophy, Jawaharlal Nehru University, New Delhi.
Prof. Barendu Mandal, Department of Bengali, Jadavpur University, kolkata.
Mr. Pabitra Ballav, Retd. Teacher, Kolkata.
Mr. Jagannath Bag, Retd. WBCS Exicutive Officer.
Mr. Ankur Saha, Engineer, Eminent Poet & Translator. California, USA.
Mrs. Manjulekha Bera, Teacher, West Bengal.

Address: 38/A/1, Nabin Chandra Das Road, Kolkata 700090
Phone No.: +91 33 25100787 / +91 9432254313 / +91 9874943255
E-mail: mushayera@gmail.com
Website: www.ebangmushayera.com

---

### নি য় মা ব লি

'এবং মুশায়েরা' সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক ত্রৈমাসিক পত্রিকা।
বৈশাখ থেকে বছর আরম্ভ হয়। যে কোন সময় গ্রাহক হওয়া যায়।
বার্ষিক গ্রাহক চাঁদা ১০০০ টাকা। আজীবন (১২ বছর) ১০০০০ টাকা।
প্রতিষ্ঠান বার্ষিক ১২০০ টাকা। আজীবন (১২ বছর) ১২০০০ টাকা।
নতুনদের ভালো লেখা প্রকাশে অগ্রাধিকার পায়। লেখায় লেখকের নাম ঠিকানা থাকা চাই।
টাইপ কপি বিবেচ্য। পুস্তক আলোচনার জন্য দু কপি বই পাঠাতে হয়।

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| সম্পাদকীয় | | ৯ |
| **স্মরণ : দেবেশ রায়** | | |
| প্রয়াণলেখের বদলে | রুশতী সেন | ১১ |
| **প্রবন্ধ** | | |
| প্রসঙ্গ ভাষাদর্শন : রবীন্দ্রনাথ ঠাকুর ও লুডভিগ ভিটগেনস্টাইন | প্রিয়ম্বদা সরকার | ১৭ |
| বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের কবিত্ব ও স্বাতন্ত্র্য | রবিন পাল | ৩৪ |
| তুষার চৌধুরির কবিতা | দেবাশিস মল্লিক | ৪৬ |
| গৌতম বসুর কবিতা | দেবাশিস ভট্টাচার্য | ৫৪ |
| নির্মল হালদারের কবিতা | সন্দীপ মুখোপাধ্যায় | ৬০ |
| অনীক রুদ্র-এর কবিতা | রাজন গঙ্গোপাধ্যায় | ৭৩ |
| নিখিলেশ রায়ের কবিতা | শান্তনু চট্টোপাধ্যায় | ৯৮ |
| বিশ্বায়নের বিভ্রম ও নব্বই দশকের কবি শ্রীজাত | গালিবউদ্দিন মণ্ডল | ১০৮ |
| বিভাস রায়চৌধুরীর কবিতা | শাওন নন্দী | ১২৩ |
| জেনেসিসের সাতদিন : রাকা দাশগুপ্তের কবিতা | কুশান গুপ্ত | ৩৮০ |
| ইয়ান ম্যাকইউয়ানের *অ্যামস্টারড্যাম* উপন্যাস : | মিতঋক বর্মা | ১৪১ |
| হরিশঙ্কর জলদাসের কথন ভুবন | মুনমুন ঘোষ | ১৪৯ |
| বিনতা রায়চৌধুরীর গল্প | সংহিতা সিন্‌হা | ১৬৫ |
| শহীদুল জহিরের ছোটগল্পে জাদু ও বাস্তবতার... | তিলক মণ্ডল | ১৭৭ |
| তিলোত্তমা মজুমদারের গল্প | সুকল্যাণী সেনগুপ্ত | ১৯৩ |
| ঋত্বিক ঘটকের গল্পভুবন | মননকুমার মণ্ডল | ২২১ |
| কাজী নজরুল ইসলামকে নিয়ে দুটি ঐতিহাসিক বিশেষ সংখ্যা 'ধূমকেতু' ও 'তরুণের স্বপ্ন' | মোনালিসা দাস | ২০৪ |
| সাঁওতালি লোককথার জগৎ | শান্তি সরেন | ২১১ |

# ইয়ান ম্যাকইউয়ানের *অ্যামস্টারড্যাম* উপন্যাস : তার নৈতিকতার প্রসঙ্গ

## মিতঋক বর্মা

ইয়ান ম্যাকইউয়ানের *অ্যামস্টারড্যাম* উপন্যাসটি ১৯৯৮ সালে বুকার পুরস্কার লাভ করলেও সমালোচকদের কাছে তা তাঁর অন্যান্য উপন্যাসের মতো সার্বিকভাবে সমাদৃত হয় নি। অনেকেই যেমন এর প্রশংসা করেছেন, তেমনই অনেকেই এই উপন্যাসটি নিয়ে বিরূপ প্রতিক্রিয়াও প্রকাশ করেছেন। সমালোচকদের এ ধরনের মিশ্র প্রতিক্রিয়ার কারণ, সম্ভবত উপন্যাসটির একমুখীন নীতিবাদী দৃষ্টিভঙ্গী, যার জন্যে এই উপন্যাসের চরিত্রগুলি অনেক ক্ষেত্রেই বাস্তবতার সর্বাত্মকতা ও সংরক্ততা পায় না। উলটোদিকে আবার এ দাবিও করা যেতে পারে যে, এই চরিত্রগুলি তাদের নৈতিক প্রকৃতির জন্যই খানিকটা বাস্তবতার মাটিকে তুলেও আনে। বলা যায়, উপন্যাসের কাহিনীটি মোটামুটি এরকম— "দ্য জাজ" নামক এক পত্রিকার সাংবাদিক ভার্নন হ্যালিডে এবং সুরকার ক্লাইভ লিনলে পুরনো বন্ধু। গল্পের শুরুতে তারা মুখোমুখি হয় মলি লেনের অন্ত্যেষ্টি-যাত্রায়, যে মলি লেন তাদের দুজনেরই অতীত প্রেমিকা। উপন্যাসের অপর মুখ্য চরিত্র মলি লেনের স্বামী জর্জ লেন আর ব্রিটিশ বিদেশ সচিব জুলিয়ান গ্যার্মোনি। জুলিয়ানও মলি লেনের প্রাক্তন প্রেমিক এবং উপন্যাসের পরবর্তী অংশে জুলিয়ান এবং মলি লেনের ঘনিষ্ঠ মুহূর্তে তোলা কিছু ক্রশ ড্রেসিং-এর ছবিই উপন্যাসের ঘটনাবলীর অনুঘটক হিসেবে কাজ করে। সেই অন্ত্যেষ্টি-যাত্রায় ভার্নন ও ক্লাইভের কথোপকথন থেকে আমরা জানতে পারি যে, মলির মৃত্যুর কারণ মস্তিষ্কজনিত এক রোগ, যার ফলে মলি ক্রমশ স্মৃতিভ্রষ্ট হয়ে ওঠে এবং সম্পূর্ণভাবেই তার স্বামী জর্জের উপর নির্ভরশীল হয়ে পড়ে। সমাধিস্থলে এই আলাপচারিতার কিছুকাল পরে ক্লাইভ ভার্ননকে অনুরোধ জানায় যে, তারও যদি মলির মতো অবস্থা হয়, তাহলে ভার্নন যেন তার "ইউথ্যানাসিয়া" বা যন্ত্রণাহীন মৃত্যুর প্রক্রিয়া সম্পন্ন করে। ভার্নন এই প্রস্তাবে রাজি হয় এই শর্তসাপেক্ষে যে, অনুরূপ পরিস্থিতিতে ক্লাইভও ভার্ননের স্বেচ্ছামৃত্যুর প্রক্রিয়া সম্পন্ন করবে।

এই অন্ত্যেষ্টি-যাত্রায় জুলিয়ান গ্যার্মোনির সঙ্গেও সাক্ষাৎ হয় তাদের এবং সেসময় ভার্নন স্পষ্টতই জুলিয়ানের প্রতি তার রাজনৈতিক মতপার্থক্যজনিত ঘৃণা প্রকাশ করে। এই ঘটনার কিছুকাল পরে ভার্নন জর্জ লেনের কাছ থেকে মলির তোলা ওই ফটোগ্রাফগুলির ব্যাপারে জানতে পারে। ভার্ননের কাছে এই খবর আশাপ্রদ, কারণ তার পত্রিকার অবস্থা খুব একটা ভালো নয়। এরকম অবস্থায় গ্যার্মোনির মতো একজন বড় রাজনীতিবিদ যে কিনা প্রধানমন্ত্রীত্বের